



চিঠিপত্র

letters.ittefaq@gmail.com

বঙ্গবন্ধু স্মরণ সমিতি



শিক্ষামন্ত্রী ও প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয় সমীপে

পত ৮-১১-২০১৩ তারিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। তিনদিন পর পত্রিকায় খবর আসে প্রথমতঃ ফাঁস হয়েছে। যা হোক যেখানে প্রাথমিক সমাপনী পরীক্ষার প্রশ্ন ফাঁস হয়; সেখানে চাকরির পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়া অস্বাভাবিক কিছু নয়। এখন প্রশ্ন হলো, হয় পরীক্ষা বাতিল নতুবা পরীক্ষার ফল প্রকাশ—দুটির কোনোটাই খবর নেই। পরীক্ষার চারদিন পর পত্রিকায় দেখলাম দেশের ৮টি জেলায় এ পরীক্ষা বাতিল করা হবে, কোন ৮ জেলা সেটাও

কর্তৃপক্ষ তদন্তের স্বার্থে প্রকাশ করেনি। জানি না কতদিন তদন্ত চলবে? এরপর টিপ্পনটি পেশ করে সিদ্ধান্ত নেওয়া হবে। এই পরীক্ষার আবেদন ও পরীক্ষা পদ্ধতি ডিজিটাল হলেও ফলাফল অ্যানালগ কেন? যেখানে ভর্তি পরীক্ষাগুলোর ফলাফল ২/৩ দিন পর প্রকাশ করা হয়; সেখানে একই পদ্ধতির এই নিয়োগ পরীক্ষাগুলোর ফলাফল এক মাসেও প্রকাশ করা হয় না কেন তা কর্তৃপক্ষ ভালো জানেন। পরীক্ষা দিয়ে পরীক্ষার্থী সেই পরীক্ষার ফলাফলের জন্য অধীর আগ্রহে অপেক্ষা

করে। সুতরাং ৮-১১-২০১৩ তারিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী নিয়োগ পরীক্ষার সমগ্র ফল প্রকাশ অথবা বাতিলকৃত জেলার নাম প্রকাশ করে অন্য জেলাগুলোর ফল প্রকাশ করার জন্য কর্তৃপক্ষের কাছে বিনীত আবেদন করছি। সব জেলাতে প্রশ্নপত্র ফাঁস হয়নি; সুতরাং ৮টি জেলার জন্য সমগ্র জেলার পরীক্ষা বাতিল সমীচিন নয়।
উর্মি,
আশরতপুর, মজার্ন মোড়,
রংপুর